

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/ ২২৮৫

তারিখ ২২/০৭/২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসাবে রাজশাহীতে আয়োজিত কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা অদ্য ২২ জুলাই ২০১৭ তারিখে রাজশাহী বিভাগের মুন লাইট গার্ডেন কনভেনশন সেন্টার, সাহেব বাজার, রাজশাহী এ অনুষ্ঠিত হয়। কমিশনের কমিশনার প্রফেসর মো: হেলাল উদ্দিন নিজামী “বিনিয়োগকারী ও উদ্যোক্তা কনফারেন্স এবং বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৭” এর শুভ উদ্বোধন করেন।

কনফারেন্স উদ্বোধনকালে প্রফেসর মো: হেলাল উদ্দিন নিজামী বিএসইসি'র দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের উপর গুরুত্ব আরোপ করেন এবং বিএসইসি'র এই কার্যক্রম যে স্বল্পতম সময়ের মধ্যে পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার এর সহযোগিতায় সফলতার সাথে যে দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়ছে সে বিষয়টি উল্লেখ করেন। তিনি আরও বলেন যে এই বিনিয়োগ শিক্ষা কার্যক্রমকে সুদূরপ্রসারী ও কার্যকর করার লক্ষ্যে বিএসইসি আন্তরিকতার সাথে কাজ করে যাচ্ছে।

এছাড়া, কনফারেন্সের প্রথম ও দ্বিতীয় সেশনে সমাপনী বক্তব্য রাখেন যথাক্রমে বিএসইসি'র কমিশনার জনাব মো: আমজাদ হোসেন এবং ড. স্বপন কুমার বাল। কমিশনারগণ তাঁদের বক্তব্যে বিনিয়োগ শিক্ষার প্রয়োজনীয়তা এবং এই কার্যক্রমের বিভিন্ন দিক তুলে ধরার পাশাপাশি এ সংক্রান্ত ভবিষ্যত পরিকল্পনার প্রতিও আলোকপাত করেন।

মূলত: রাজশাহীর স্থানীয় বিনিয়োগকারীদের পুঁজিবাজারে বিনিয়োগ সম্পর্কে অবগত ও প্রশিক্ষণ প্রদান এবং স্থানীয় উদ্যোক্তাদের পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলন বিষয়ে বাস্তব ভিত্তিক জ্ঞানার্জনে সহায়তা করার লক্ষ্যে এই কনফারেন্সের আয়োজন করা হয়।

প্রথম সেশনে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এবং দ্বিতীয় সেশনে পুঁজিবাজার হতে পুঁজি উত্তোলনের পদ্ধতি এবং উক্ত অর্থায়ন রাজশাহীর শিল্পোন্নয়নে ব্যবহার সংক্রান্ত বিষয়ে দু'টি মূল প্রবন্ধ উপস্থাপন করা হয় এবং উভয় সেশনে সংশ্লিষ্ট বিষয়ের প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। উপস্থিত উদ্যোক্তা ও বিনিয়োগকারীরা প্যানেল আলোচকদের বিভিন্ন বিষয়ে প্রশ্ন উত্থাপন করেন। ফলশ্রুতিতে সেশন দুইটি খুবই অংশগ্রহণমূলক এবং প্রাণবন্ত ছিল।

কনফারেন্স চলাকালে একইস্থানে বিনিয়োগ শিক্ষা মেলা, ২০১৭ অনুষ্ঠিত হয়। ১০টি পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত মেলায় সক্রিয় অংশগ্রহণ করে। বিপুল সংখ্যক আগ্রহী ও উৎসুক বিনিয়োগকারী ও উদ্যোক্তাদেরকে কনফারেন্সে অংশগ্রহণের পাশাপাশি মেলায় উপস্থিত হয়ে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে দেখা যায়।

২২/০৭/২০১৭

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র